

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণগ্রন্থাগার অধিদপ্তর
জেলা সরকারি গণগ্রন্থাগার
কুষ্টিয়া।

<http://publiclibrary.kushtia.gov.bd>

স্মারক নং- ৪৩.২৬.৫০০০.০০৩.২৩.০০২.০৯.

তারিখ: ২৭/০৭/২০২১ খ্রি.

জাতীয় শোক দিবস ২০২১ উপলক্ষে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা

জাতীয় শোক দিবস ২০২১ উপলক্ষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন জেলা সরকারি গণগ্রন্থাগার, কুষ্টিয়ায় রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। অগ্রহী সকলকে শর্তাবলী পূরণ সাপেক্ষে প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আহবান জানানো যাচ্ছে।

ক) রচনা প্রতিযোগিতার বিষয় ও গ্রুপ বিভাজন নিম্নরূপ:

ক্র.ন	গ্রুপ	শ্রেণি	রচনা প্রতিযোগিতার বিষয়	শব্দসীমা	রচনা জমা দেয়ার স্থান ও সময়সীমা
১	ক	পঞ্চম-অষ্টম	ছোটদের প্রিয় বঙ্গবন্ধু	১০০০	স্বহস্তে লিখিত রচনা জেলা সরকারি গণগ্রন্থাগার, কুষ্টিয়া কার্যালয়ে আগামী ২০/০৮/২০২১ খ্রি. তারিখের মধ্যে ডাকযোগে/ সরাসরি/ই-মেইলে পৌঁছাতে হবে। ই-মেইল: librarian.dgplkushtia@gmail.com
২	খ	নবম- দ্বাদশ	স্বাধীনতার ছুপতি বঙ্গবন্ধু	১২০০	
৩	গ	স্নাতক-স্নাতকোত্তর	বঙ্গবন্ধু ও বাঙ্গালী সংস্কৃতি, ঐতিহ্য	১৫০০	
৪	ঘ	সর্বসাধারণ	১৫ আগস্ট ইতিহাসের বিষাদময় অধ্যায়	১৮০০	
৫	ঙ	বিশেষ (প্রতিবন্ধী)	বঙ্গবন্ধু থেকে জাতির পিতা	১০০০	

খ) চিত্রাংকন প্রতিযোগিতার গ্রুপ বিভাজন নিম্নরূপ:

ক্র.ন	গ্রুপ	বয়সসীমা	চিত্রাংকন প্রতিযোগিতার বিষয়	চিত্রাংকন প্রতিযোগিতার স্থান ও সময়
১	ক	অনূর্ধ্ব-৭ বছর	উন্মুক্ত	স্বহস্তে অংকিত চিত্র এই কার্যালয়ে আগামী ২০/০৮/২০২১ খ্রি. তারিখের মধ্যে ডাকযোগে/সরাসরি/ই-মেইলে পৌঁছাতে হবে। ই-মেইল: librarian.dgplkushtia@gmail.com
২	খ	অনূর্ধ্ব-১২ বছর	স্বাধীনতার ছুপতি বঙ্গবন্ধু	
৩	গ	বিশেষ (প্রতিবন্ধী)	উন্মুক্ত	

শর্তাবলী:

- ১। রচনা A4 সাইজের সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতার একদিকে লিখতে হবে, উভয় পৃষ্ঠায় লেখা যাবে না। একাধিক কাগজ ব্যবহার করা যাবে।
- ২। ছাত্র-ছাত্রীদের রচনা স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রত্যয়ন অথবা বিশেষ ক্ষেত্রে পরিচয়পত্রের ফটোকপি সহ জমা দিতে হবে।
- ৩। ছাত্র-ছাত্রীদের পূর্ণনাম, পিতা ও মাতার নাম, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, শ্রেণি, রোল নং সহ মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
- ৪। ঘ গ্রুপের ক্ষেত্রে ঠিকানা উল্লেখ পূর্বক জাতীয় পরিচয়পত্রের ফটোকপি/ প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তার প্রত্যয়নসহ রচনা জমা দিতে হবে।
- ৫। রচনার শব্দসংখ্যা নির্ধারিত সীমার অধিক হলে তা মূল্যায়নের জন্য বিবেচিত হবে না।
- ৬। চিত্রাংকন প্রতিযোগিতায় প্রতিযোগীকে বয়স প্রমাণের জন্য জন্ম সনদের সত্যায়িত কপি স্বহস্তে অংকিত চিত্রের সঙ্গে জমা দিতে হবে।
- ৭। বিজ্ঞপ্তিটি ফেসবুক পেজ www.facebook.com/dgplkushtia ও ওয়েব পোর্টাল publiclibrary.kushtia.gov.bd ঠিকানায় পাওয়া যাবে।

২৭.০৭.২০২১

(মুনমুন)

সহকারী লাইব্রেরিয়ান

জেলা সরকারি গণগ্রন্থাগার, কুষ্টিয়া।

ফোন: ০৭১-৬১৭৬১

librarian.dgplkushtia@gmail.com

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক, কুষ্টিয়া।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, সদর/মিরপুর/ভেড়ামারা/দৌলতপুর/কুমারখালি/খোকসা, কুষ্টিয়া (উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানে অবহিত করার জন্য অনুরোধসহ)।
- ৩। জেলা শিক্ষা/প্রাথমিক শিক্ষা অফিসার, কুষ্টিয়া (জেলার বিভিন্ন প্রাথমিক/মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করার অনুরোধসহ)।
- ৪। সিনিয়র তথ্য অফিসার, কুষ্টিয়া/ জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, কুষ্টিয়া/জেলা কালচারাল অফিসার, কুষ্টিয়া (নোটিশ বোর্ড ও প্রচারের জন্য অনুরোধসহ)।
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর/মিরপুর/ভেড়ামারা/দৌলতপুর/কুমারখালি/খোকসা, কুষ্টিয়া (উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানে অবহিত করার জন্য অনুরোধসহ)।
- ৬। প্রিন্সিপাল,(নোটিশ বোর্ড ও ছাত্র-ছাত্রীদের মাঝে প্রচারের জন্য অনুরোধসহ)।
- ৭। প্রধান শিক্ষক, (নোটিশ বোর্ড ও ছাত্র-ছাত্রীদের মাঝে প্রচারের জন্য অনুরোধসহ)।
- ৮।
- ৯। অফিস কপি/নোটিশ বোর্ড।